**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৪)-৫১৬

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৫ / ১৯ জুলাই ২০১৮

বিষয়ঃ জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন এবং উপজেলা পরিষদ, ইউনিয়ন পরিষদ ও পৌরসভার সাধারণ নির্বাচন/উপনির্বাচনউপলক্ষে আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, আগামী ২৫ জুলাই ২০১৮ তারিখে দশম জাতীয় সংসদের ২৭ কুড়িগ্রাম-৩ নির্বাচনি এলাকার শূন্য আসনের নির্বাচন, ০৩টি পৌরসভার সাধারণ নির্বাচন, ০১টি পৌরসভার সাধারণ কাউন্সিলর পদে উপনির্বাচন, ০১টি উপজেলা পরিষদের সাধারণ নির্বাচন, ০৫টি উপজেলা পরিষদের বিভিন্ন পদে উপনির্বাচন, ০৫টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন এবং ৩৪ টি ইউনিয়ন পরিষদের বিভিন্ন শূন্যপদে উপনির্বাচন অনুষ্ঠিত হবে। উল্লিখিত নির্বাচন উপলক্ষে জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি এবং বিভিন্ন আইনশৃঙ্খলা বাহিনীর প্রতিনিধিদের সমন্বয়ে নির্বাচন কমিশন সচিবালয়ে একটি আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল গঠন করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। নির্বাচন কমিশন সচিবালয়ের জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগের মহাপরিচালকের নেতৃত্বে উক্ত সেলে নিম্নবর্ণিত কর্মকর্তাগণ অন্তর্ভুক্ত হবেনঃ

১. জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের উপসচিব পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
২. পুলিশ হেডকোয়াটার্সের পুলিশ সুপার/অতিরিক্ত পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা;
৩. বিজিবি/ র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব)/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি এর মেজর/উপপরিচালক পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা ; এবং
৪. আর্মড পুলিশ ব্যাটালিয়নের অতিরিক্ত পুলিশ সুপার/সহকারি পুলিশ সুপার পদমর্যাদার নিম্নে নয় এমন একজন কর্মকর্তা

০২। নির্বাচন কমিশন সচিবালয়ের সম্মেলন কক্ষ (কক্ষ নং-৪১৭), ৫ম তলা, নির্বাচন ভবন, আগারগাঁও, ঢাকায় স্থাপিত উল্লিখিত সেল-এর কার্যক্রম হবে **২৫ জুলাই ২০১৮** তারিখ (প্রয়োজনে উল্লিখিত তারিখের পরে আরও ২/১ দিন অব্যাহত রাখা হবে)। সেলের কর্মপরিধি নিম্নরূপঃ

(ক) নির্বাচনের দিন আইনশৃঙ্খলা পরিস্থিতি সম্পর্কে নির্বাচন কমিশনকে অবগতকরণ;
(খ) সেলে অন্তর্ভুক্ত সংশ্লিষ্ট সংস্থার প্রতিনিধি কর্তৃক নির্বাচন উপলক্ষে মোতায়েনকৃত আইনশৃঙ্খলা সদস্যদের অবস্থান ও সার্বিক অবস্থা সম্পর্কে জ্ঞাতকরণ;
(গ) সংস্থার নিজস্ব যোগাযোগ নেটওয়ার্কের মাধ্যমে কমিশনের নির্দেশনা তাৎক্ষণিকভাবে অবহিতকরণ;
(ঘ) ভোটকেন্দ্র বা নির্বাচনি এলাকায় শান্তিশৃঙ্খলা রক্ষার্থে বিভিন্ন আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর মধ্যে সমন্বয় সাধন;
(ঙ) ব্যালট পেপারসহ বিভিন্ন নির্বাচনি মালামাল পরিবহণ, বিতরণ এবং ভোটগ্রহণ কাজে নিরাপত্তা বিধানের জন্য মোবাইল ও স্ট্রাইকিং ফোর্স হিসেবে নিয়োজিত আইনশৃঙ্খলা বাহিনীর মধ্যে সমন্বয় করে রিটার্নিং অফিসার ও প্রিজাইডিং অফিসারদের সহায়তা প্রদান।

০৩। উল্লিখিত আইনশৃঙ্খলা সমন্বয় ও মনিটরিং সেল যেন কার্যকর হয় এবং নির্বাচন কমিশনকে যেন সময়ে সময়ে পরিস্থিতি অবহিত রাখা হয় সে দিকে দৃষ্টি রাখার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। বর্ণিতাবস্থায়, নির্বাচন কমিশন সচিবালয়ে স্থাপিত উল্লিখিত সেলের প্রতিনিধি হিসেবে দায়িত্ব পালনের জন্য একজন করে কর্মকর্তা প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

১৯.০৭.১৮

( মোঃ ফরহাদ হোসেন )
উপসচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোন: ০২-৫৫০০৭৫৫৮
মোবাইল: ০১৮১৭৬৭৫১৭৩
E-mail: forhadhossain_ecs@yahoo.com

১। মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ পুলিশ, ঢাকা
২। সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩। মহাপরিচালক, বিজিবি/র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব)/আনসার ও ভিডিপি/কোস্টগার্ড, ঢাকা/ অতিরিক্ত মহাপুলিশ পরিদর্শক, আর্মড পুলিশ ব্যাটালিয়ন, উত্তরা ঢাকা

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

নং-১৭.০০.০০০০.০৩৪.৩৮.০০৮.১৭(অংশ-৪)-৫১৬

তারিখঃ ০৪ শ্রাবণ ১৪২৫
১৯ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়/স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৪. সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৬. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. বিভাগীয় কমিশনার, ........................................ (সংশ্লিষ্ট)
৮. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. মহাপরিচালক, নির্বাচন প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১০. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১১. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. জেলা প্রশাসক, ........................................ (সংশ্লিষ্ট)
১৩. পুলিশ সুপার, ........................................ (সংশ্লিষ্ট)
১৪. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রংপুর ও রিটার্নিং অফিসার
১৫. আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ........................................ (সংশ্লিষ্ট)
১৬. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ........................................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
১৮. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ........................................ (সংশ্লিষ্ট)
১৯. উপজেলা নির্বাহী অফিসার, ........................................ (সংশ্লিষ্ট)
২০. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, ........................................ (সংশ্লিষ্ট)
২১. একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২২. একান্ত সচিব, মাননীয় নির্বাচন কমিশনার জনাব ........................................................................, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনারের সদয় অবগতির জন্য)
২৩. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৫. সহকারী সচিব (সাধারণ সেবা-১), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (কন্ট্রোলরুম প্রস্তুত, টেলিফোন ও ফ্যাক্স সংযোগ এবং আপ্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)
২৬. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ........................................ (সংশ্লিষ্ট) ও রিটার্নিং অফিসার
২৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা, ........................................ (সংশ্লিষ্ট) ও সহকারি রিটার্নিং অফিসার
২৮. উপজেলা ........................................................................ (সংশ্লিষ্ট)ও রিটার্নিং অফিসার
২৯. ভারপ্রাপ্ত কর্মকর্তা, ........................................ (সংশ্লিষ্ট থানা)

১৯.০৭.১৮

**( মোঃ ফরহাদ হোসেন )**
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয় শাখা-১
ফোনঃ ০২- ৫৫০০৭৫৫৮

F:\IMPORTANT\monirtoring cell\letter.doc